

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
প্রশাসন শাখা-১  
[www.legislativediv.gov.bd](http://www.legislativediv.gov.bd)


নং- ৫৫.০০.০০০০.১০৫.০৬.০০১.১৪-৪৬০

তারিখঃ ১০/০৭/২০২৫ খ্রি।

বিষয়ঃ মে/২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের মে/২০২৫ মাসের সমন্বয় সভা বিগত ২৫/০৬/২০২৫ খ্রি. তারিখ সচিব মহোদয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

  
(মোঃ ইমাম হোসেন)  
সহকারী সচিব (প্রশাসন-১)  
ফোনঃ-৫৫১০০৫৭৩।

বিতরণ:

- ১। অতিরিক্ত সচিব (সকল), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ২। যুগ্মসচিব (ড্রাফটিং) (সকল)/যুগ্মসচিব (লেজিসলেটিভ অনুবাদ), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৪। উপসচিব (ড্রাফটিং) (সকল)/উপসচিব (লেজিসলেটিভ অনুবাদ) (সকল)/সিস্টেম এনালিস্ট, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৫। সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং) (সকল)/সিনিয়র সহকারী সচিব (লেজিসলেটিভ অনুবাদ) (সকল)/প্রোগ্রামার/সিনিয়র সহকারী সচিব (মুদ্রণ ও প্রকাশনা), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৬। সহকারী সচিব (ড্রাফটিং) (সকল)/সহকারী সচিব (সকল)/ সহকারী প্রোগ্রামার/হিসাবরক্ষণ কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৩. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.legislative.gov.bd](http://www.legislative.gov.bd)

বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের কাজে সমন্বয় ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. হাফিজ আহমেদ চৌধুরী সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
সভার তারিখ, বার ও সময়	২৫ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ, রোজ- বুধবার, সকাল- ১০.০০ ঘটিকা
সভার স্থান	সভাকক্ষ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
সভায় উপস্থিতি	পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।


০২। অতিরিক্ত সচিব (ড্রাফটিং-১/প্রশাসন) ড. মোহাম্মদ মহিউদ্দীন ও অতিরিক্ত সচিব (ড্রাফটিং-২) জনাব কাজী আরিফুজ্জামান সমন্বয় সভা আয়োজনের জন্য সচিব মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানান।

০৩। অতিরিক্ত সচিব (ড্রাফটিং-১/প্রশাসন) ড. মোহাম্মদ মহিউদ্দীন এ বিভাগের সকল দপ্তর প্রধানকে নথির অগ্রগতি সম্পর্কে তথ্য উপস্থাপনের জন্য আহ্বান জানান। অতঃপর এ বিভাগের সকল যুগ্মসচিব (ড্রাফটিং) এবং যুগ্মসচিব (লেজিসলেটিভ অনুবাদ) তাঁদের স্ব স্ব দপ্তরের নথির অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। পরবর্তীতে যুগ্মসচিব (প্রশাসন) প্রশাসন শাখা-১,২,৩,৪, প্রশিক্ষণ ও প্রতিবেদন শাখা এবং বার্ষিক কর্মসম্পাদন শাখার কাজের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। সচিব মহোদয় নথির করণীয় বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় সচিব মহোদয় এ বিভাগের সকল কর্মকর্তাদের অফিসে নিয়মিত উপস্থিতির বিষয়ে গুরুত্বারোপ করেন। যথাসময়ে অফিসে প্রবেশ ও প্রস্থান না করলে ডিজিটাল হাজিরা যাচাইপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

০৫। সভায় এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) মহোদয় জনবল নিয়োগের কার্যক্রমের বিষয়টি গুরুত্বের বিবেচনায় দ্রুত নিষ্পত্তি করার আহ্বান জানান এবং কর্মকর্তা-কর্মচারীদের সময়মত ও নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সকল কর্মকর্তাকে অনুরোধ জানান।

০৬। এ বিভাগের সচিব মহোদয় প্রকল্প, প্রশাসন শাখা ও প্রশিক্ষণ শাখাকে তাদের স্ব স্ব কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য আহ্বান জানান। তিনি সকল কর্মকর্তাকে তাঁদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে ও দায়িত্বশীলতার সাথে সম্পাদনের উপর গুরুত্বারোপ করেন এবং সভায় জরুরি অন্য কোনো বিষয়ে আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৫/৬/২০২৫  
(ড. হাফিজ আহমেদ চৌধুরী)

সচিব

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ